

## 244747 - কিছু কিছু কোম্পানী একটা পারসেন্টিজ এর বিনিময়ে ক্রেতার পক্ষ থেকে ক্রয়কৃত মালামালের মূল্য পরিশোধ করে

### প্রশ্ন

আমি দেশের বাইরে থেকে মালামাল খরিদ করলে কিছু কিছু কোম্পানী আমার পক্ষ থেকে মূল্য পরিশোধ করে। আমি ঐ কোম্পানীকে পেমেন্ট করি। কিন্তু, একমাস বা দুইমাস পরে ৬% ফি ও খরচ দিয়ে। এটা কি জায়েয? যদিও সাধারণত তারা ৫% নেয়। কিন্তু ১% তারা বেশি নেয় যেহেতু আমি নগদ পরিশোধ করছি না; দুইমাস পরে পরিশোধ করছি।

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ্।

যদি বিষয়টি এমন হয় যেমনটি আপনি প্রশ্নে উল্লেখ করেছেন যে, আপনি এ কোম্পানীকে আপনার পক্ষ থেকে পরিশোধ করার জন্য পণ্যের মূল্য হস্তান্তর করেন না; বরং কোম্পানী তার অর্থ থেকে আপনার পক্ষ হয়ে মূল্য পরিশোধ করে; এরপর কোম্পানী যা পরিশোধ করেছে সেটা আপনার কাছ থেকে উল্লেখিত পারসেন্টিজসহ আদায় করে নেয়— এটি সুদভিত্তিক হারাম ঋণ। এটাকে খরচ বললেও এটি বৈধ হবে না। এক্ষেত্রে পারসেন্টিজ ৫% হোক বা এর চেয়ে বেশি হোক বা কম হোক— হুকুমের কোন পার্থক্য নেই।

ইবনে কুদামা (রহঃ) বলেন: "যে ঋণের মধ্যে ঋণের চেয়ে বেশি পরিশোধ করার শর্তারোপ করা হয় কোন মতভেদ ছাড়া সেটা সুদ।

ইবনুল মুনিফির বলেন: আলেমগণ এ মর্মে ইজমা করেছেন যে, ঋণদাতা যদি ঋণগ্রহীতার উপর অতিরিক্ত অর্থ বা হাদিয়া দেওয়ার শর্তারোপ করে এবং এর ভিত্তিতে ঋণ দেয় তখন ঋণের অতিরিক্ত কিছু গ্রহণ করা সুদ।

উবাই বিন কাব (রাঃ), ইবনে আব্বাস (রাঃ), ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে যে, যে ঋণ কোন সুবিধা টেনে আনে তারা সে ঋণ থেকে বারণ করতেন"। [আল-মুগনি (৬/৪৩৬) থেকে সমাপ্ত]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।